গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর।
www.birol.dinajpur.gov.bd

## শহিদ বুদ্ধিজীবি দিবস ২০২৩ এবং বিরল হানাদার মুক্ত দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ আফছানা কাওছার<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর। |
| তারিখ | : | ০৫ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ। |
| সময় | : | সকাল ১১.৪৫ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ কনফারেন্স রুম, বিরল, দিনাজপুর। |

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো)

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি আগামী ১৪ ডিসেম্বর বিরল হানাদার মুক্ত দিবস ও শহিদ বুদ্ধিজীবি দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করে আলোচনার শুরু করেন। সভাপতি, দিনাজপুর জেলা প্রশাসকের কার্যালয়ের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর কর্মসূচি সভায় পাঠ করে শোনান। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রাপ্ত কর্মসূচী ও জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর কর্মসূচির আলোকে উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় আগামী ১৪ ডিসেম্বর বিরল হানাদার মুক্ত দিবস ও শহিদ বুদ্ধিজীবি দিবস ২০২৩ উদ্‌যাপনের লক্ষ্যে উপস্থিত সকলের নিকট মতামত ও সুপারিশ আহবান করেন। আলোচনা পর্বে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর, মেয়র, বিরল পৌরসভা, উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, ইউ,পি চেয়ারম্যানগণ, এনজিও প্রতিনিধি, শিক্ষক প্রতিনিধি, রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ, স্থানীয় সাংবাদিকবৃন্দ এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশ নেন। উপরোক্ত বিষয়ে বিশদ আলোচনান্তে জাতীয় কর্মসূচিকে অনুসরণ করে বিরল উপজেলায় নিম্নরূপ কর্মসূচি প্রণয়ন করা হয়।

| ক্র:নং | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | ১৩/১২/২০২৩<br>সকাল ৯.৩০ঘটিকা | বিরল উপজেলার বহলা বদ্ধভূমিতে পুষ্পস্তবক অর্পণ। | বহলা বদ্ধভূমি,<br>৭নং বিজোড়া ইউপি, বিরল, দিনাজপুর। | মুক্তিযোদ্ধা সংসদ/ চেয়ারম্যান, ০৭নং বিজোড়া ইউনিয়ন পরিষদ,বিরল। |
| ২। | ১৪/১২/২০২৩<br>(সুবিধাজনক সময়ে) | শহিদ বুদ্ধিজীবি দিবস পালন উপলক্ষ্যে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা। | উপজেলা শিল্পকলা একাডেমী বিরল, দিনাজপুর। | সাঃ সম্পাদক, উপজেলা শিল্পকলা একাডেমী, বিরল, দিনাজপুর। |
| ৩। | ১৪/১২/২০২৩<br>(সুবিধাজনক সময়ে) | ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবি দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা ও দোয়ার আয়োজন। | স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রাঙ্গণ | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরল, দিনাজপুর।<br>২। উপজেলা শিক্ষাঅফিসার, বিরল, দিনাজপুর।<br>৩। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/সুপার, শিক্ষা প্রতিষ্ঠান (সকল), বিরল। |
| ৪। | ১৪/১২/২০২৩<br>(সুবিধাজনক সময়ে) | ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবি দিবস ২০২৩ ও বিরল হানাদার মুক্ত দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে আলোচনা সভা। | উপজেলা পরিষদ কনফারেন্স রুম, বিরল, দিনাজপুর। | উপজেলা প্রশাসন,<br>বিরল, দিনাজপুর। |
| ৫। | ১৪/১২/২০২৩<br>(বাদ যোহর) | ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবি দিবস ২০২৩ ও বিরল হানাদার মুক্ত দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে বিরল উপজেলার সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/ প্রার্থনা। | সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয় | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরল, দিনাজপুর। |

**সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

১) ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবি দিবস ২০২৩ ও বিরল হানাদার মুক্ত দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচিতে সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন ও আইন- শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে অফিসার ইন-চার্জ, বিরল থানাকে অনুরোধ করা হয়।

২) শহিদ বুদ্ধিজীবি দিবস ২০২৩ ও বিরল হানাদার মুক্ত দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে এ উপজেলার সকল সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারীকে প্রতিটি অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়।

৩)	শহিদ বুদ্ধিজীবি দিবস ২০২৩ ও বিরল হানাদার মুক্ত দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার, দিপবিস-১, বিরল জোন- কে অনুরোধ করা হয়।

৪)	সভায় সকলের সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৩/১২/২০২৩খ্রিঃ তারিখে বিরল উপজেলার ৭নং বিজোড়া ইউনিয়নে অবস্থিত বহলা বদ্ধভূমিতে পুষ্পস্তবক অর্পণসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত ইউপি চেয়ারম্যান, ৭নং বিজোড়া ইউনিয়ন, বিরল, দিনাজপুরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫)	বিরল উপজেলার সকল ইউনিয়ন পরিষদে উপজেলা প্রশাসনের সকল কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে আগামী ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবি দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হলো।

৬)	বিরল উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবি দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা ও দোয়ার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হলো।

৭)	শহিদ বুদ্ধিজীবি দিবস পালন উপলক্ষ্যে শিশুদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনাব দেদীপ্ত সরকার, সাঃ সম্পাদক, উপজেলা শিল্পকলা একাডেমী, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/১২/২০২৩

(মোছাঃ আফছানা কাওছার)
উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।
ফোনঃ +৮৮০২৫৮৯৯২৮৬৬৫
Email:unobirol@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর।
www.birol.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭১৭.০০০.১৫.০০৪.২৩-১৯৮৯(১৫০)	তারিখঃ ০৫/১২/২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. জেলা প্রশাসক, দিনাজপুর।
২. পুলিশ সুপার, দিনাজপুর।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
৪. সহকারী কমিশনার (ভূমি), বিরল, দিনাজপুর।
৫. মেয়র, বিরল পৌরসভা, বিরল, দিনাজপুর।
৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
৭. উপজেলা ........................................................................................ অফিসার (সকল), বিরল, দিনাজপুর।
৮. অফিসার ইন-চার্জ, বিরল থানা, বিরল, দিনাজপুর।
৯. চেয়ারম্যান,........................................................................................ইউ.পি.(সকল) বিরল, দিনাজপুর।
১০. অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, ............................................................................ কলেজ/মাদ্রাসা/ বিদ্যালয়, বিরল।
১১. সভাপতি/সাঃ সম্পাদক, ........................................................................................ বিরল, দিনাজপুর।
১২. ........................................................................................................ বিরল, দিনাজপুর।
১৩. অফিস কপি।

০৫/১২/২০২৩
উপজেলা নির্বাহী অফিসার